

বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
BANGLADESH WATER DEVELOPMENT BOARD

শৃঙ্খলা পরিদপ্তর
পানি ভবন (লেভেল-৭)
৭২, গ্রীনরোড, ঢাকা-১২০৫
ফোনঃ ০২২২২২৩০০৭৬
dir.discipline.bwdb@gmail.com
ওয়েব সাইট: www.bwdb.gov.bd



Directorate of Discipline
Pani Bhaban (Level-7)
72, Green Road, Dhaka-1205
Phone : 02222230076
dir.discipline.bwdb@gmail.com
Website: www.bwdb.gov.bd

স্মারক নং-৪২.০১.০০০০.০২৩.২৭.৩৫০.২৫-৭৬

তারিখঃ ০৪-০২-১৪৩৩বঃ
১৮-০৫-২০২৬ খ্রিঃ

বিষয়ঃ চাকরি হতে “বরখাস্ত” (dismissal from service) দণ্ড আরোপের লক্ষ্যে কারণ দর্শানো প্রসঙ্গে।

আপনি জনাব মোঃ মিনারুল মুসী, কার্য সহকারী, নড়াইল পানি উন্নয়ন বিভাগ, বাপাউবো, নড়াইল গত ২৪/০৫/২০২৫ খ্রি. হতে বিনা অনুমতিতে কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন। আপনার দীর্ঘ অনুপস্থিতির কারণে দাপ্তরিক কার্যক্রম, বিশেষ করে প্রি-ওয়ার্ক, পোস্ট-ওয়ার্ক এবং চলমান বর্ষা মৌসুমে জরুরি তথ্য সরবরাহে বিঘ্ন সৃষ্টি হচ্ছে। আপনার অনুপস্থিতির বিষয়ে সংশ্লিষ্ট দপ্তর কর্তৃক ০৪/০৬/২০২৫ খ্রি. তারিখে ৩(তিন) দিনের মধ্যে এবং ১৪/০৭/২০২৫ খ্রি. তারিখে ৭(সাত) কার্যদিবসের মধ্যে ব্যাখ্যা চেয়ে পত্র প্রেরণ করা হলেও আপনি কোনো জবাব প্রদান করেননি। পরবর্তী সময়ে আপনার বেতন বন্ধ রাখা হয় এবং মোবাইল ও স্থায়ী ঠিকানায় যোগাযোগ করে ব্যর্থ হয়। আপনি দীর্ঘদিন বিনা অনুমতিতে কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন, যা বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকরি প্রবিধানমালা-২০১৩ অনুযায়ী দায়িত্ব পালনে অবহেলা, অসদাচরণ ও পল্লায়নের শামিল এবং এরূপ কার্যের জন্য আপনার উপর যে কোন দণ্ড আরোপযোগ্য।


২। যেহেতু, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকরি প্রবিধানমালা-২০১৩ মোতাবেক প্রস্তাবিত দণ্ড কেন আপনার উপর আরোপ করা হবে না সে লক্ষ্যে শৃঙ্খলা পরিদপ্তরের স্মারক নং-৪২.০১.০০০০.০২৩.২৭.৩৫০.২৫-২৫৭; তারিখঃ ১২/১১/২০২৫ খ্রি. মোতাবেক অভিযোগনামা প্রেরণপূর্বক কার্যধারা সূচনাকরতঃ প্রবিধানমালার প্রবিধান ৫২(১)(খ) অনুযায়ী উক্ত অভিযোগনামা প্রাপ্তির ১০(দশ) কার্য দিবসের মধ্যে আত্মপক্ষ সমর্থনের স্বপক্ষে লিখিত বিবৃতি দাখিলের জন্য আপনাকে পত্র প্রেরণ করা হলে আপনি জবাব দাখিল হতে বিরত রয়েছেন।

৩। যেহেতু, আপনার বিরুদ্ধে সূচিত কার্যধারায় আনীত অভিযোগনামার জবাব দাখিল হতে বিরত থাকায় কার্যধারায় আনীত অভিযোগ তদন্ত করার জন্য অত্র দপ্তরের দপ্তরাদেশ নং-৪২.০১.০০০০.০২৩.২৭.৩৫০.২৫-২৬১; তারিখঃ ১০/১২/২০২৫ খ্রিঃ মোতাবেক একজন তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়। নিয়োগকৃত তদন্ত কর্মকর্তা কর্তৃক দাখিলকৃত তদন্ত প্রতিবেদন ও আনুষঙ্গিক রেকর্ডপত্র পর্যালোচনান্তে আপনার বিরুদ্ধে অভিযোগনামায় আনীত অভিযোগ প্রমাণিত হওয়ায় আপনি দোষী সাব্যস্ত হয়েছেন এবং বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকরি প্রবিধানমালা-২০১৩ এর প্রবিধান ৪৯ (১)(খ)(উ) মোতাবেক আপনাকে বাপাউবোর চাকরি হতে “বরখাস্ত” (dismissal from service) দণ্ড আরোপ করার জন্য কর্তৃপক্ষ কর্তৃক প্রাথমিক সিদ্ধান্ত গৃহীত হয়েছে।

৪। সেহেতু, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকরি প্রবিধানমালা-২০১৩ এর প্রবিধান ৪৯(১)(খ)(উ) মোতাবেক আপনার উপর কেন “চাকরি হতে বরখাস্ত” (dismissal from service) দণ্ড চূড়ান্তভাবে আরোপ করা হবে না, বর্ণিত প্রবিধানমালার প্রবিধান ৫২(৬) মোতাবেক ০৭(সাত) কার্য দিবসের মধ্যে মহাপরিচালক মহোদয় বরাবর কারণ দর্শানোর জন্য নির্দেশ প্রদান করা হলো। উক্ত প্রবিধানমালার প্রবিধান ৫২(৫) মোতাবেক তদন্ত প্রতিবেদনের চিত্রলিপি এতদসঙ্গে প্রেরণ করা হলো।

৫। এতে মহাপরিচালক মহোদয়ের অনুমোদন রয়েছে।

সংযুক্তিঃ তদন্ত প্রতিবেদনের চিত্রলিপি।


(মোঃ আবদুল মতিন)
পরিচালক (অঃদাঃ)
পরিচিতি নম্বরঃ ৬৮০৯১০০০১

অঃপঃদঃ

প্রাপকঃ

- ১। জনাব মোঃ মিনারুল মুসী, কার্য সহকারী, নড়াইল পানি উন্নয়ন বিভাগ, বাপাউবো, নড়াইল।
- ২। জনাব মোঃ মিনারুল মুসী, পিতা-জনাব মোঃ আবুল হাসান মুসী, গ্রাম-চর বালিদিয়া, ডাকঘর-চর বালিদিয়া (১৫০৬), উপজেলা-লোহাগড়া, জেলা-নড়াইল।

কার্যার্থে/জ্ঞাতার্থেঃ

- ১। পরিচালক, জনসংযোগ পরিদপ্তর, বাপাউবো, ঢাকা। কারণ দর্শানো নোটিশটি দুইটি বহুল প্রচারিত দৈনিক পত্রিকায় (বাংলা ও ইংরেজি) প্রকাশের ব্যবস্থা গ্রহণপূর্বক অত্র দপ্তরকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো।
- ✓ ২। সিনিয়র সিস্টেম এনালিস্ট, কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা। কারণ দর্শানো নোটিশটি বোর্ডের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।

ডায়েরী নং ৪৭০
সিস্টেম এনালিস্ট
সেচামার ১/২
সহকারী সেচামার ১/২/৩/৪
নেটওয়ার্ক প্রকৌশলী
হিসাব করণিক
অফিস সহঃ কাম-কম্পিউটার
মুদ্রাক্ষরিক

তারিখঃ ২২/৩/২৫
তারিখঃ ২২/৩/২৫

তারিখঃ ২২/৩/২৫
তারিখঃ ২২/৩/২৫
তারিখঃ ২২/৩/২৫
তারিখঃ ২২/৩/২৫
তারিখঃ ২২/৩/২৫

সিনিয়র সিস্টেম এনালিস্ট
কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।